করোনাভাইরাস: যুক্তরাষ্ট্রে ৬ মাসের মধ্যে সর্বোচ্চ মৃত্যুর রেকর্ড

চেম্বার ডেস্ক:: যুক্তরাষ্ট্রে নতুন করে করোনা সংক্রমণ ও মৃত্যুর গতি বাড়ছেই। দেশটিতে নতুন করে একদিনে প্রায় আড়াই হাজার মানুষের প্রাণ কেড়েছে করোনা। জন্স হপকিন্স বিশ্ববিদ্যালয়ের পরিসংখ্যান অনুযায়ী, দেশটিতে গত ২৪ ঘণ্টায় ২ হাজার ৪৩৯ জনের মৃত্যু হয়েছে, যা গত ছয় মাসের মধ্যে সর্বোচ্চ।

ওই পরিসংখ্যান বলছে, দেশটিতে একদিনে নতুন করে আক্রান্ত হয়েছে প্রায় ২ লাখ মানুষ। অপরদিকে এখন পর্যন্ত মোট মৃত্যুর সংখ্যা ২ লাখ ৬২ হাজার ৮০।

এদিকে, ওয়ার্ল্ডোমিটারের পরিসংখ্যান অনুযায়ী, যুক্তরাষ্ট্রে এখন পর্যন্ত মোট আক্রান্তের সংখ্যা ১ কোটি ৩১ লাখ ৩৭ হাজার ৯৬২। এর মধ্যে মারা গেছে ২ লাখ ৬৮ হাজার ২১৯ জন।

ওই পরিসংখ্যান অনুযায়ী, দেশটিতে এর মধ্যেই সুস্থ হয়ে উঠেছে ৭৮ লাখ ৫ হাজার ২৮০ জন। দেশটিতে বর্তমানে করোনার অ্যাক্টিভ কেস ৫০ লাখ ৬৪ হাজার ৪৬৩। এছাড়া আশঙ্কাজনক অবস্থায় রয়েছে ২৪ হাজার ১৫০ জন।

চলতি বছরের ২১ জানুয়ারি শিকাগোর এক বাসিন্দার মধ্যে প্রথম করোনার সংক্রমণ শনাক্ত হয়। এরপর থেকে ক্রমান্বয়ে ভয়ানক হতে থাকে পরিস্থিতি।

এর মধ্যে সংক্রমণ আশঙ্কাজনক হার দীর্ঘ হচ্ছে টেক্সাসে। এ শহরে আক্রান্তের সংখ্যা ১২ লাখ ২৭ হাজারের কাছাকাছি। যেখানে প্রাণহানি ঘটেছে ২১ হাজার ৬১০ জনের। ক্যালিফোর্নিয়ায় সংক্রমিতের সংখ্যা ১১ লাখ ৬৪ হাজার ছাড়িয়েছে। এর মধ্যে মৃত্যু হয়েছে ১৮ হাজার ৯৮০ জনের। ফ্লোরিডায় করোনার শিকার ৯ লাখ ৬১ হাজারের বেশি মানুষ। ইতোমধ্যে সেখানে ১৮ হাজার ২৫৫ জনের প্রাণহানি ঘটেছে।

ইলিনয়েসে এখন পর্যন্ত করোনার ভুক্তভোগী ৬ লাখ ৮৫ হাজারের বেশি।

এর মধ্যে প্রাণ হারিয়েছেন ১২ হাজার ৪৪০ জন। প্রাণহানিতে শীর্ষ শহর নিউইয়র্কে আক্রান্ত ৬ লাখ ৫২ হাজারের কাছাকাছি। এর মধ্যে না ফেরার দেশে ৩৪ হাজার ৩৪৫ জন ভুক্তভোগী। জর্জিজায় করোনা রোগীর সংখ্যা ৪ লাখ ৫৮ হাজার ছুঁই ছুঁই। এর মধ্যে প্রাণ ঝরেছে ৯ হাজার ২৯৭ জনের।

নিউ জার্সিতে করোনার শিকার ৩ লাখ ২৫ হাজারের বেশি মানুষ। এর মধ্যে প্রাণহানি ঘটেছে ১৭ হাজার ১২ জনের।

এ ছাড়া উত্তর ক্যারোলিনা, টেনেসিস, উইসকনসিন, অ্যারিজোন, ওহিও, পেনসিলভেনিয়া, মিশিগানের মতো শহরগুলোতে আক্রান্তের সংখ্যা তিন লাখ ছাড়িয়েছে।